আগস্ট/২০১৮ মাসের সভা

# জুলাই/২০১৮ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।

সভার তারিখ ঃ ১৮/০৭/২০১৮ খ্রিঃ।

সময় ঃ ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

**সভার উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ**

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ সভাপতির অনুমতিক্রমে টিআইবি-সনাক মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করেন। অত:পর গত মাসের প্রতিবেদন পরর্বতী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয় আলোচনা হয়।

## নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের জুলাই/১৮ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ১০৫ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ৭৫ জনকে।<br>বিবেচ্য মাসে ১০৯ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | দিনাজপুর সদর উপজেলা। | |
| নুরমিশন বাংলাদেশ | -- | অর্থ বরাদ্দ বিলম্ব হওয়ায় কার্যক্রম শুরু করা হয়নি। | -- | -- |
| দি লেপ্রসি মিশন ইন্টারনেশনাল | (১) স্যানিটেশন কার্যক্রম<br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধির কার্যক্রম চলমান রাখা হয়েছে।<br>➢ কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন ও শক্তিশালী করণ কার্যক্রম চলমান রয়েছে। মোট ২৫ টি দল চলমান রয়েছে। সদস্য সংখ্যা ২৬৭ জন।<br>➢ চলতি মাসে সেন্ট ফ্রান্সিস জেভিয়ার স্কুলে ২১৯ জন ছাত্র/ছাত্রী এবং ৪৪ জন শিক্ষক মন্ডলি নিয়ে প্রতিবন্ধী সুরক্ষা আইন-২০১৩ ও কুষ্ঠ রোগ বিষয়ে সচেতনতা মূলক আলোচনা করা হয়।<br>➢ চলতি মাসে ২৪ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয়, তার মধ্যে ০১ জন কুষ্ঠ রোগী সনাক্ত হয়।<br>➢ কুষ্ঠ প্রতিবন্ধীদের স্বযত্ন ও ঘা এর যত্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |

| | | | | |
|---|---|---|---|---|
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) পুষ্টিকর খাবার প্রদান<br><br>(৩) অভিভাবক সমাবেশ | ১৯৬ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ৬ জন শিক্ষকের মাধ্যমে সকালে ও বিকালে কোচিং ক্লাশ করানো হয়।<br>১৯৬জন শিশুকে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়।<br><br>বিবেচ্য মাসে ১৯৬ শিশুর অভিভাবকদের নিয়ে মিটিং করা হয় এবং শিশুদের মধ্যে কাপড় ও বিছানার চাদর দেওয়া হয়। এবারের বিষয় ছিল বাল্য বিবাহ প্রতিরোধ করা। | দিনাজপুর সদর। | |
| সনাক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(২) বিবিধ কার্যক্রম | জনগণের সঠিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দিনাজপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সেবা সম্পর্কিত তথ্যপত্র বিতরণ বিষয়ক ক্যাম্পেইন ০৪ জুলাই, ২০১৮ সকাল ১০.০০ টায় হাসপাতাল চত্বরে আয়োজন করা হয়।<br><br>দুর্নীতি বিরোধী আন্দোলনে তরুণ সমাজকে সম্পৃক্ততার লক্ষ্যে টিআইবি এর আয়োজনে রংপুর ব্র্যাক লার্নিং সেন্টারে ২৩-২৪ জুলাই, ২০১৮ ২দিন ব্যাপি ইয়ুথ ক্যাম্পে অনুষ্ঠিত হয়। সেখানে ১০টি সনাক অঞ্চলের প্রায় ২০০ জন তুরণ শিক্ষার্থী অংশগ্রহণ করেন। | দিনাজপুর সদর | |
| ওয়ার্ল্ড ভিশন | (১) মানবাধিকার কার্যক্রম<br><br>(৩) সুশাসন সম্পর্কিত কার্যক্রম<br><br>(৪) তথ্য অধিকার সংক্রান্ত কর্মসূচি | বিবেচ্য মাসে উপকারভোগী ও সামাজিক নেতাদের এডভোকেসি বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও সমঝোতা সভার আয়োজন করা হয়।<br><br>উপজেলা পর্যায়ে সরকারের সাথে সমযোতা স্মারক, ইউনিয়ন পর্যায়ে সমন্বয় সভা, প্রকল্প বাস্তবায়ন কামিটির সভা এবং কমিউনিটি পর্যায়ে অধিকার বিষয়ক সভার আয়োজন। সমাজের দায়িত্বশীল লোকদের দায়িত্ব সম্পর্কে সচেতন করা এবং বিভিন্ন দল ও সংগঠন সুদক্ষ করা।<br><br>লোক সংগীতের মাধ্যমে সমাজের মানুষদের সামাজিক নিরাপত্তা বিষয়ক প্রচারনার কার্যক্রম অব্যহত রাখা এবং তথ্য বহুল বিল বোর্ড স্থাপন করা হয়। | দিনাজপুর পৌরসভা ও দিনাজপুর সদর উপজেলা | |
| বিএসডিএ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্রঋণ দেওয়া হয় ৯,০০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৩,০০,০০০/- টাকা।<br><br>বর্তমানে বিএসডিএ-ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৫৭টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৭১০জন। ৪৫ জন শিক্ষিকাকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| এমকেপি | ❖ সমিতি সভা, ফোরাম সভা ও যোগাযোগ বৃদ্ধি | বিবেচ্য মাসে ৩০টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী-পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহন, নারী নির্যাতন প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন, বাড়ীর আশেপাশে সবজি চাষ এবং মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া দুইটি ইউনিয়নে জেন্ডার ওয়ার্চগ্রুপ সভা করা হয়। | দিনাজপুর সদর। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। ঋণ কার্যক্রম | নার্সারী স্কুলে ছাত্র-ছাত্রীদের যথা রীতি ক্লাস কার্যক্রম চলমান রয়েছে। ২য় সাময়িক পরীক্ষার জন্য প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে।<br><br>বিবেচ্য মাসে ২০ জনকে ২,২৮,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ৩,১৬,৪১৪/- টাকা। সঞ্চয় আদায় হয় ৫৯,২২৫/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br><br>(৪) বনায়ন কার্যক্রম<br><br>(৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৬) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(৮) কৃষি ও পরিবেশ<br><br>(৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা<br><br>(১০) প্রশিক্ষণ<br><br>(১১) নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন। | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ৯৮৬ জন কে ৪,০১,৯০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৬৫ জনকে ২০,২০,০০০/- টাকা।<br><br>বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৩৮ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১২৪২ জন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয় এবং ২০১৮ অর্থ বছরে ০৭টি স্কুলের ১৪ জনকে দেওয়া হয়।<br><br>বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং ০১টি অনুষ্ঠিত হয় এবং এ পর্যন্ত ১৬৬ টি ওয়াটশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর/১৭ মাসব্যাপি উদযাপন করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ১৫৫৫০ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। এছাড়া কৃষি প্রযুক্তি ও বৃক্ষ মেলা ২০১৭ ব্র্যাক অংশগ্রহণ করে ১ম স্থান অধিকার করেছে।<br><br>চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৮ইং অর্থবছরে ২১টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তির করে সকল প্রকার সয়োগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস/২০১৮ পালন করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২০৫ জনকে এবং ২০১৮ অর্থ বছরে ৮৫২৫ জনকে সেবা প্রদান করা হয়।<br><br>বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ৫০০ কেজি, ২০১৮ অর্থ বছরে ৩০০০কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজ যেমন লাউ, মুলা, শিম, শসা, মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে।<br><br>ব্র্যাক দিনাজপুর সদর বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবশ/২০১৮ এবং জাতীয় দুর্যোগ প্রশমন দিবস/২০১৮ পালন করেছে।<br><br>বিবেচ্য মাসে লার্নিং সেন্টার মাধ্যমে ৩০০ জন ব্র্যাক উপকারভোগী কর্মী/কর্মকর্তাকে এবং ৫০ জন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়।<br><br>বিবেচ্য মাসে নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | ব্র্যাক দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী এবং ধূমপান মুক্ত দিবস পালন করেছে। | | |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ১১৪ জনকে ৪৮৭৫০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এ মাসে ঋণ আদায় করা হয় ৩১৭০৯৮১/- টাকা, সঞ্চয় আদায় করা হয় ২৫৮৪৭৬/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ৩৫৮৭৫৫/- টাকা। | পৌরসভা ১ নং ও ৪নং ইউপি, | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| | (২) শিক্ষা কার্যক্রম | ১ নং চেহেলগাজী ইউনিয়নের বড়ইল গ্রামে রোকেয়ার বাড়ীতে ২৬ জন ছাত্র/ছাত্রী নিয়ে প্রাক প্রাথমিক বিদ্যালয় চলমান রয়েছে। | | |
| | (৩) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে আমন ধান লাইনে রোপন ও মাটি পরীক্ষা করে পরিমিত রাসায়নিক সার ও জৈব সার আলুর জমিতে প্রয়োগ করার পরামর্শ প্রদান করা হয়। | | |
| এসবিও | (১) বৃক্ষরোপন কর্মসূচী | বিবেচ্য মাসে বৃক্ষরোপন কর্মসূচীর পরিচর্যার কাজ (যমন-আগাছা পরিস্কার, খুটি লাগানো ও বাধন দেয়া) উক্ত কার্যক্রমগুলি চলমান রয়েছে। | দিনাজপুর সদর | |
| | (২) বস্তি উন্নয়ন প্রকল্প | বিবেচ্য মাসে বস্তি বাসিদের নিয়ে প্ল্যানিং মিটিং করা হয়। আগামী মাসের প্রথম সপ্তাহ থেকে ড্রনেস ব্যবস্থাপনার উন্নয়ন কাজ শুরু করা হবে। | | |
| | (৩) শহরব্যাপী আবাসন প্রকল্প | গোসাইপুর মশিহ পাড়ায় ১৮টি বাড়ীর মধ্যে ১৭টি বাড়ীর কাজ শেষ করা হয় এং আরো ১টি বাড়ীর কাজ প্রক্রিয়াধীন রয়েছে। বাড়ী তৈরীর পাশাপাশি লেট্রিন তৈরীর কাজটিও তেমনী জরুরী তাই প্রতিটি বাড়ীতে লেট্রিন তৈরীর পরিকল্পনা করা হয়েছে। এছাড়া ইতোমধ্যে ৫টি বাড়ীতে লেট্রিনের কাজ সমাপ্ত করা হয়েছে। | | |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ৭,৬০৩,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৭,০০২,৯৬৩/- টাকা ঋণ আদায় করা হয়। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| | (২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম | বিবেচ্য মাসে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের বিষয় নিয়ে আলোচনা করায় ১২০ জন সদস্যের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় ৬০ জন যুব সদস্য বাল্য বিবাহ করবে না বলে অঙ্গিকার করেছে। | | |
| | (৩) সভা কার্যক্রম | বিবেচ্য মাসে ২৪টি দলে ৬৩৭ জন সদস্য মাসিক সভায় অংশগ্রহণ করেছে। তাদের সাথে আলোচ্য বিষয় ছিলঃ সদস্যদের দায়িত্ব-কর্তব্য, বিধবা ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, মাতৃত্বকালীন ভাতা এবং ৪০ দিনের কর্মসূচীতে কিভাবে এই সমস্ত লোকের অধিকার নিশ্চিত হয়। | | |
| অরবিন্দু শিশু হাসপাতাল | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম, | বিবেচ্য মাসে বহিঃ বিভাগে ২,১০৭ জনকে সেবা দেওয়া হয় এবং আন্তঃ বিভাগে ৫০০ জনকে সেবা দেওয়া হয়। | দিনাজপুর | |

| | | | | |
|---|---|---|---|---|
| কাঞ্চন | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে শিশু স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৩৯২৮ জনকে এবং মাতৃস্বাস্থ্য সেবা দেওয়া হয় ৩৩০৫ জনকে। | দিনাজপুর সদর | |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫ | (১) শিক্ষা কার্যক্রম | ১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। এছাড়া প্রকল্পের ৪জন শিক্ষকের মাধ্যমে কেজি থেকে ৭ম শ্রেণী পর্যন্ত শিক্ষা প্রদান করা হচ্ছে। | দিনাজপুর সদর। | |
| | (২) পুষ্টিকর খাবার প্রদান | ১৬৫ জন শিশুকে সপ্তাহে ৩ দিন (সোমবার, মঙ্গলবার ও বৃহস্পতিবার) দুপুরে পুষ্টিকর খাবার প্রদান করা হচ্ছে। খাবারের তারিকায় রয়েছে ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল, সবজি ও ফল । | | |
| | (৩) অভিভাবক সমাবেশ | ২৬/০৭/২০১৮ ইং তারিখে শিশুর অভিভাবকদের নিয়ে অভিভাবক সমাবেশ ও বড়দিনের প্রোগ্রাম আয়োজন করা হয়। উক্ত প্রোগ্রামের ও অভিভাবক সমাবেশের মূল বিষয় ছিল প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলা। এ বিষয়ে উপস্থিত অভিভাবকদের সাথে কথা বলেন, মোঃ আকলিমুজ্জামান, উপজেলা কৃষি অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর। | | |
| ❖ অন্যান্য/বিবিধ | | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দানের অনুরোধ করা হলো।<br><br>উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- টিএমএসএস, অনুঘটক, সিডিএ, এসএমএনবি, নারীর জন্য নারী, অন্বেষন ইত্যাদি। | | |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, টিএমএসএস, প্রত্যাশা, উত্তরণ, এসএমএনবি, গাওসুল আযম চক্ষু হসপিটাল ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। 'এমকেপি' সংস্থা আগামী মাসে মাল্টিমিডিয়ার মাধ্যমে তাঁদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নং: ০৫৩১-৬৫১২২

# পরিশিষ্ট - 'ক'

( স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সদস্যদের নাম ও পদবী

১। জনাব মোঃ আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনজাপুর সদর, দিনজপুর ”
২। জনাব মোঃ আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক-টিআইবি, বড়বন্দর, দিনাজপুর। ”
৩। জনাব মোঃ শাহীনুর ইসলাম, প্রোগ্রাম সমন্বয়কারী, এফপিএবি, দিনাজপুর শাখা ”
৪। জনাব মোঃ আনারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর, দিনাজপুর ”
৫। জনাব মোঃ দবিরুল ইসলাম, প্রিন্সিপাল, বিএসডিএ এডুকেশন একাডেমি, ঈদগাঁহ আবাসিক এলাকা, দিনাজপুর ”
৬। জনাব মোঃ মোহায়মিনুল ইসলাম, প্রোগ্রাম অফিসার, ডেভেলপমেন্ট কাউন্সিল, বিরামপুর, দিনাজপুর ”
৭। জনাব মোঃ নুরুজ্জামান হক, ব্যবস্থাপক, নিরা সংস্থা, মির্জাপুর, সদর, দিনাজপুর। ”
৮। জনাব মোঃ শরিফুল ইসলাম, প্রোজেক্ট ম্যানেজার, জেএসকেএস, সদর, দিনাজপুর। ”
৯। জনাব মিঃ রমেশ মুরমু, প্রোগ্রাম ম্যানেজার, নুর মিশন বাংলাদেশ, পঃ শিবরামপুর, সদর, দিনাজপুর। ”
১০। জনাব মর্জিনা খাতুন রুপা, প্রোজেক্ট অফিসার, জেএসএকএস, ঝানজিরা হাট, সদর, দিনাজপুর ”
১১। জনাব ইষ্টের আল্পনা দাস, প্রকল্প ব্যবস্থাপক, কম্প্যাশন ইন্টারন্যাশনাল বাংলাদেশ, মশীহপাড়া, বিডি- ০২২৫ ”
১২। জনাব মোঃ মোস্তাক আলী, শাখা ব্যবস্থাপক, ব্র্যাক, আরবান শাখা, সদর, দিনাজপুর। ”
১৩। জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যান করিষদ, বালুবাড়ী, দিনাজপুর। ”
১৪। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ডিআইমি ম্যানেজার, লাইট হাউস, ফকিরপাড়া, দিনাজপুর। ”
১৫। জনাব মোঃ মশিউর রহমান, শাখা ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ, ২নং নিউটাউন, দিনাজপুর সদর, দিনাজপুর। ”
১৬। জনাব শাহজাদী শিরীন, মনিটরিং অফিসার, পল্লীশ্রী, বালুবাড়ী, দিনাজপুর। ”
১৭। জনাব সুদীপ্ত কুমার বসাক, ম্যানেজার, মেরী স্টোপস, বালুবাড়ী, দিনাজপুর। ”
১৮। জনাব নেভিল ইজেরার, প্রকল্প ব্যবস্থাপক, কম্প্যাশন ইন্টারন্যাশনাল, আমইর, সিডিএসপি, বিডি- ২৪৫ ”
১৯। জনাব অজয় হালদার, হিসাব রক্ষক, কম্প্যাশন ইন্টারন্যাশনাল, আমইর, সিডিএসপি, বিডি- ২৪৫ ”
২০। জনাব মোঃ মূর্ণা মিঞা, সাধারণ সম্পাদক, পল্লী বন্ধু, শিবপুর, সদর, দিনাজপুর। ”
২১। জনাব মোঃ মাসুদ রানা, ওএ-সিই, টিআইবি, সিসিসি, দিনাজপুর ”
২২। জনাব তৌহিদ জামান, ইয়েস, সিসিসি, দিনাজপুর
২৩। জনাব মোঃ দুলাল হোসেন, সাব এগ্রিকালচার ডেভেলপমেন্ট অফিসার, সোসাইটি ফর উদ্যোগ, ঘাসিপাড়া, দিনাজপুর ”
২৪। জনাব মোঃ মোজাফ্ফর হোসেন, নির্বাহী পরিচালক, সমাজ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, কালিতলা, দিনাজপুর। ”
২৫। জনাব ডিএসএম জিল্লুর রহমান, পরিচালক, বিবিডিএস, বড়ইল, সদর, দিনাজপুর। ”
২৬। জনাব আঃ হামিদ, হেড অব প্রোগ্রাম, এমএনডিএফ, নতুন পাড়া, সদর, দিনাজপুর। ”
২৭। জনাব স্বপ্না সুবর্না তপ্ন, জেনারেল সেক্রেটারি, ওয়াইডাব্লিউসিএ ”
২৮। জনাব অনুকুল চন্দ্র বর্মন, এপিসি ম্যানেজার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, ঈদগাহ আবাসিক এলাকা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজপুর।

তারিখ ঃ ১৪ আগষ্ট, ২০১৮ খ্রিঃ

স্মারক নং-৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৮. ৬১৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
৪। উপজেলা..........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,....................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব..................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

মোঃ আসাদুজ্জামান ১৪/৮/১৮
উপজেলা সমাজসেবা অফিসার